

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৯৬

১/ বিবিধ

আরবী

إذا أعطيتم الزكاة فلا تنسوا ثوابها أن تقولوا: اللهم اجعلها مغنما، ولا تجعلها مغرما موضوع

رواه ابن ماجه (رقم 1797) وابن عساكر (7/225/2) عن البختري متفق على ضعفه وقال المناوي في " فيض القدير

قال في الأصل: وضعف، وذلك لأن فيه سويد بن سعيد قال أحمد: متروك

قلت: إنما علة الحديث البختري هذا، فإنه عند ابن عساكر من طريق أخرى عنه

فانتفت التهمة عن الوليد وسعيد وانحصرت في البختري وهو متهم، فقد قال أبو نعيم:

روى عنه أبيه عن أبي هريرة موضوعات

وكذا قال الحاكم والنقاش، وقال ابن حبان

ضعيف ذاهب، لا يحل الاحتجاج به إذا انفرد وليس بعدل، فقد روى عن أبيه عن أبي

هريرة نسخة فيها عجائب

وقال الأزدي: كذاب ساقط

বাংলা

১০৯৬। তোমরা যখন যাকাত দিবে তখন তোমরা তার সাওয়াব লাভের কথা ভুলে না গিয়ে এ দু'আ বলবে - হে আল্লাহ! তাকে গানীমাত হিসেবে গণ্য কর, জরিমানা হিসেবে গণ্য কর না।

হাদীসটি জাল।



এটিকে ইবনু মাজাহ (নং ১৭৯৭) ও ইবনু আসাকির (৭/২২৫/২) আল-বুখতারী ইবনু উবায়েদ হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ "যাওয়ায়েদ" গ্রন্থে বলা হয়েছে, তার সনদে ওয়ালীদ ইবনু মুসলিম আদ দেমাস্কী রয়েছেন, তিনি মুদাল্লিস আর বুখতারীর দুর্বল হওয়ার ব্যাপারে সকলে একমত।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটির সমস্যা হচ্ছে এ বুখতারী। তিনি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী। আবু নুয়াইম বলেনঃ তিনি তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বানোয়াট হাদীস বর্ণনা করেছেন। অনুরূপ কথা হাকিম ও নাক্কাশও বলেছেন।

ইবনু হিব্বান বলেনঃ তিনি দুর্বল যাহেব। তিনি যখন এককভাবে বর্ণনা করেছেন তখন তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। তিনি ন্যায়পরায়ণ ছিলেন না। তিনি তার পিতার উদ্ধৃতিতে আবু হুরাইরাহ (রাঃ) হতে একটি কপি বর্ণনা করেছেন তাতে আজব আজব বিষয় রয়েছে।

আযদী বলেনঃ তিনি মিথ্যুক সাকেত।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন